# আকাশবাণীশিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**15 APRIL 2026** **7:45—7:55**

---

(১) নারী শক্তি বন্দন অধিনিয়মকে মূল বিষয় হিসেবে নিয়ে আগামীকাল থেকে তিনদিনব্যাপী সংসদের বিশেষ অধিবেশন ।

(২) বিহারের নতুন মূখ্যমন্ত্রী হিসেবে সম্রাট চৌধুরীর শপথগ্রহণ

(৩) মণিপুর রাজ্যের সাম্প্রতিক পরিস্থিতির পরিপ্রেক্ষিতে ৫টি উপত্যকা জেলায় মোবাইল সেবা আগামীকাল পর্যন্ত বন্ধ রাখার নির্দেশ ।

এবং

(৪) রাজ্যে রঙ্গালী বিহুর দ্বিতীয় দিন আজ মানুষ বিহু হিসেবে পালন । বরাক উপত্যকার তিন জেলায় আজ উৎসাহ উদ্দীপনায় বাংলা নববর্ষ বরণ ।

---

রাজ্য বিধানসভা ও সংসদে মহিলাদের জন্য আসন সংরক্ষণের পোষকতা করা নারী শক্তি বন্দন অধিনিয়মকে মূল বিষয় হিসেবে নিয়ে আগামীকাল থেকে তিনদিনব্যাপী সংসদের বিশেষ অধিবেশন অনুষ্ঠিত হবে । এই অধিনিয়ম কার্যকর করা সম্পর্কে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গুরুত্ব আরোপ করে ২০৪৭ সালে বিকশিত ভারতের লক্ষ্যে উপনীত হবার ক্ষেত্রে মহিলাদের গণতান্ত্রিক প্রক্রিয়ায় অংশগ্রহণ মূল চাবিকাঠি হিসেবে পরিগণিত হবে বলে উল্লেখ করেছেন । শ্রী মোদী ভারতের নারী শক্তি কঠোর পরিশ্রম ,সাহস ও আত্মবিশ্বাসের সঙ্গে সফলতার শিখর স্পর্শ করতে সক্ষম হয়েছে বলেও মন্তব্য করেছেন । রাজ্যের বিধানসভা থেকে দেশের সংসদ ভবন পর্যন্ত মহিলাদের

বেশকয়েকদশক ধরে অপেক্ষার আগামী ১৬ ,১৭ ও ১৮ এপ্রিল অবসান হবে বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন । ২০২৩ সালে সংসদের নতুন ভবনে সরকার নারী শক্তি বন্দন অধিনিয়ম প্রবর্তনের প্রথম পদক্ষেপ গ্রহণ করেছিলো বলেও তিনি মন্তব্য করেন । প্রধানমন্ত্রী বলেন যে গণতন্ত্রে মহিলাদের সবলীকরণ সমগ্র প্রক্রিয়াকে শক্তিশালী করে এবং এর জন্য সভায় মহিলাদের আসন সংরক্ষণ অত্যন্ত গুরুত্বপূর্ন ।

--------------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬শে এপ্রিল আকাশবানীর মন কি বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ-বিদেশের জনসাধারনের সঙ্গে মনের ভাব ব্যক্ত করবেন । এটি হবে মন কি বাত অনুষ্ঠানের ১৩৩ তম পর্ব । জনসাধারন ১৮০০-১১-৭৮০০ নম্বরে ফোন করে নিজেদের মতামত বা পরামর্শ পাঠাতে পারবেন । জনসাধারন নমো এ্যাপ বা মাই গভট ওপেন ফোরামের মাধ্যমেও আগামী ২৪শে এপ্রিলের মধ্যে পরামর্শ পাঠাতে পারবেন । এই অনুষ্ঠান আকাশবাণী ও দূরদর্শনের সবকটি নেটওয়ার্ক সহ আকাশবানীর ওয়েব সাইট এবং নিউজ অন এ আই আর মোবাইল এপের মাধ্যমেও শোনা যাবে । প্রধানমন্ত্রীর কার্যলয় , তথ্য ও সম্প্রচার মন্ত্রক , আকাশবাণী ও দূরদর্শনের ইউ টিউব চ্যানেলের  মাধ্যমেও এই অনুষ্ঠান প্রচার করা হবে । আকাশবাণী অনুষ্ঠানটি প্রচার হওয়ার ঠিক পরেই আঞ্চলিক ভাষায় অনুবাদ প্রচার করবে ।

--------------------------------------------------------------------------------------------

বিহারের উপ-মূখ্যমন্ত্রী তথা বিজেপি নেতা সম্রাট চৌধুরী আজ পাটনার লোকভবনে আয়োজিত এক অনুষ্ঠানে রাজ্যের নতুন মূখ্যমন্ত্রী হিসেবে শপথগ্রহণ করেন । পাটনার রাজ্যপাল লেফটেনেন্ট জেনারেল সৈয়দ অতা হাসনাইন তাঁকে পদ ও গোপনীয়তার শপথবাক্য পাঠ করান । শ্রী চৌধুরী রাজ্যের ২৪ তম মূখ্যমন্ত্রী এবং মূখ্যমন্ত্রী পদে অধিষ্ঠিত বিজেপির প্রথম নেতা । এই অনুষ্ঠানে জনতা দল ইউনাইটেডের নেতা তথা সরাইয়ের বিধায়ক বিজয় কুমার চৌধুরী এবং সুপলের বিধায়ক ব্রিজেন্দ্র প্রসাদ যাদবও উপ-মূখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেন ।

--------------------------------------------------------------------------------------------

মণিপুর সরকার রাজ্যের সাম্প্রতিক পরিস্থিতির পরিপ্রেক্ষিতে ৫টি উপত্যকা জেলায় মোবাইল সেবা আগামীকাল পর্যন্ত বন্ধ রাখার নির্দেশ দিয়েছে । রাজ্যের আইন শৃঙ্খলা পরিস্থিতির প্রতি লক্ষ্য রেখে ৫ টি উপত্যকা জেলা পূর্ব ইম্ফাল ,পশ্চিম ইম্ফাল ,থৌবাল ,কাকচিং ও বিষ্ণুপুরে গত ৭ এপ্রিল থেকে এই সেবা বন্ধ রাখা হয়েছে ।

উল্লেখ্য  রাজ্যের বিষ্ণুপুর জেলার ট্রংলাউবি গ্রামে একটি বাড়ীতে গত ৬ এপ্রিল রাতে দুষ্কৃতকারীদের বোমা আক্রমণে দুটি শিশুর মৃত্যু হবার পর রাজ্যে প্রতিবাদমূখর পরিস্থিতির সৃষ্টি হয় । এই ঘটনায় শিশু দুটির মা গুরুতর আহত হন ।

এরপর একাংশ প্রতিবাদকারী রাজ্যের জাতীয় ও রাজ্য মহাসড়কসমূহ অবরোধ করে । এই ঘটনার পরিপ্রেক্ষিতে রাজ্যের গৃহ বিভাগ মণিপুরে মোবাইল ডাটা ও ইন্টারনেট সেবা সাময়িভাবে বন্ধ ঘোষনা করে ।

---------------------------------------------------------------------------------

সমগ্র রাজ্যে আজ রঙ্গালী বিহুর দ্বিতীয় দিনটি মানুষ বিহু হিসেবে পালন করা হচ্ছে ।এদিকে আজ নববর্ষ উপলক্ষে সকাল থেকে রাজ্যের বিভিন্ন প্রান্তের সত্র , নামঘর , মন্দির , দৌল - দেবালয় ইত্যাদিতে পরিবার তথা সমাজের মঙ্গল কামনায় জনসমাগন পরিলক্ষিত হয়েছে ।গুয়াহাটীর শক্তিপীঠ কামাখ্যধাম , গণেশগুরি ও লতাশিলের গণেশ মন্দির , দৌল গোবিন্দ মন্দির সহ ধর্মীয় স্থানগুলোতে বহু লোক পূজো-অর্চনা করেছেন । এদিকে আজ রাজ্যের বিভিন্ন প্রান্ত ঢোল , পেঁপা গগনার শব্দে মুখরিত হয়ে উঠেছে ।জনসাধারণ পরস্পরের মধ্যে বিহুয়ান বিনিময় করা সহ মঙ্গল কামনা করেন এবং বয়োজেষ্ঠ্যদের আশীর্বাদ গ্রহণ করেন ।বিভিন্ন স্থানে বিহুর মঞ্চে বিহু নৃত্যের আয়োজন করা হয় । মরিগাঁও জেলায় আগামী ১৮ এপ্রিল থেকে ২৬ শে এপ্রিল পর্যন্ত গোভা বহাগ বিহু পালন করা হবে ।
শ্রীভূমি জেলায় ও আজ উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে রঙ্গালী বিহু উদযাপন করা হয়েছে । জেলা বিহু কমিটির উদ্যোগে আজ পুলিশ অতিথি ঘৃহে আয়োজিত মূল অনুষ্ঠানে পূজা-অর্চনা ,  পতাকা উত্তোলনের মাধ্যমে রঙ্গালী বিহুর সূচনা করা হয় । অনুষ্ঠানে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী , প্রবীণ পুলিশ সুপার লীনা দোলে সহ প্রশাসনের আধিকারীক কর্মচারীরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলায় আজ উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে বাংলা নববর্ষ কে বরণ করা হয় ।১৪৩৩ বঙ্গাব্দ কে স্বাগত জানাতে উপত্যকার তিন জেলায় আজ উৎসব মুখর পরিবেশ বিরাজ করছে ।আজ সকাল থেকেই বিভিন্ন মন্দিরে ভক্তদের পূজো অর্চনা করতে দেখা গেছে । উপত্যকার বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠনের উদ্যোগে বর্ণাঢ্য শোভাযাত্রা ,সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদির আয়োজন করা হয় । নতুন বছরের প্রথম দিনে আজ দোকানপাট , ব্যবসায়িক প্রতিষ্ঠান ইত্যাদিতে গণেশ পূজো আয়োজন করা সহ  হালখাতার সূচনা করা হয়  ।

কাছাড় জেলার গ্রাম শহর সর্বত্র আজ নতুন বছরকে বরণ করে নিতে জনসাধারণের মধ্যে বিপুল উৎসাহ পরিলক্ষিত হয়েছে ।শিলচরে আজ নববর্ষ উপলক্ষে বিভিন্ন মন্দির ,উধারবন্দের কাঁচাকান্তি মন্দির , বনদূর্গা মন্দির ,রামকৃষ্ণ মিশন ইত্যাদিতে ছোট বড় সব বয়সের মানুষকেই পরিবারের মঙ্গল কামনায় তথা নতুন বছর যাতে শুভ হয় তার জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করতে দেখা গেছে ।মালিনী বিলের ভারত সেবাশ্রম সঙ্ঘের মন্দিরে আজ এই দিবস উপলক্ষে বিশেষ পূজো অনুষ্ঠিত হয়েছে । এছাড়া নতুন বছর উপলক্ষে আজ ঘরে ঘরে ভোজেরও আয়োজন করা হয় ।

------------------------------------------------------------------------------------

এদিকে, বরাক উপত্যকা বঙ্গসাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের উদ্যোগে আজ ১৪৩৩ বঙ্গাব্দকে স্বাগত জানাতে এক শোভাযাত্রার আয়োজন করা হয় । সম্মেলনের আদর্শ- বৃহত্তর বাঙালি জাতিসত্তার ভাবনাকে সামনে রেখে বরাক উপত্যকার বিভিন্ন ভাষা ও জনগোষ্ঠীর লোকেদের নিয়ে, ঐক্য ও সম্প্রীতির বার্তায় পৌঁছে দিতে ঐক্যবদ্ধভাবে এই শোভাযাত্রার আয়োজন করা হয় । আজ সকাল সাড়ে ছ'টায় শিলচর জেলা ক্রীড়া সংস্থার মাঠে জমায়েত হবার পর সকাল সাতটায় শোভাযাত্রা শুরু হয় । এরপর শহরের প্রধান প্রধান সড়ক সেন্ট্রাল রোড ,ভাওয়াল পয়েন্ট ,প্রেমতলা ,হাসপাতাল রোড ,রাঙ্গিরখাড়ি পরিক্রমা করে শিলচর বঙ্গ ভবনে এসে শেষ হয় ।

উল্লেখ্য শোভাযাত্রায় জেলা ক্রীড়া সংস্থা ,কথা বাক্‌শিল্প চর্চা কেন্দ্র , বরাক নন্দিনী পাঠচক্র , দশরূপক , রূপম সাংস্কৃতিক সংস্থা , কাছাড় কলেজ , বরাক ভ্যালী ব্লাড ডোনারস ফোরাম , সম্মিলিত লোক মঞ্চ , দুধপাতিল নাট্য সংস্থা ,ইয়াসি , রংমাই নাগা , গানমেলা কমিটি ইত্যাদি সংগঠনের সদস্যরা অংশগ্রহণ করেন ।
বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য সংস্কৃতি সম্মেলন কাছাড় জেলা সমিতির প্রাক্তন সভাপতি তৈমুর রাজা চৌধুরী বলেন, বাইট---

------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলাতেও নতুন বছরকে স্বাগত জানাতে জেলাজুড়ে আজ উৎসবের আমেজ পরিলক্ষিত হয়েছে ।জেলার বিভিন্ন প্রান্তে নবীন , প্রবীণ , শিশু সবাইকে স্বতস্ফূর্তভাবে নববর্ষকে বরণ করে নিতে দেখা গেছে ।জেলার বিভিন্ন প্রান্তে ধর্মীয় অনুষ্ঠান সহ বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের ও আয়োজন করা হয় । বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের উদ্যোগে বাংলা নববর্ষ উপলক্ষে বর্ণাঢ্য শোভাযাত্রা , সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদির আয়োজন করা হয় । দোকান পাট , ব্যবসায়িক প্রতিষ্ঠানে বিশেষ পূজো ,নতুন হালখাতার সূচনা , মিষ্টিমুখ ইত্যাদির আয়োজন করা হয় ।

হাইলাকান্দি জেলায় আজ উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে নতুন বছর ১৪৩৩ বঙ্গাব্দকে স্বাগত জানানো হয়েছে ।বছরের প্রথম দিনেই বহু লোক বিভিন্ন মন্দিরে গিয়ে পূজো অর্চনা এবং সুখ শান্তি ও সমৃদ্ধি কামনা করেন । হাইলাকান্দির বিভিন্ন মন্দির সহ প্রাচীনতম মন্দির আদি কালীবাড়িতে আজ সকাল থেকে উপচে পড়া ভীড় পরিলক্ষিত হয়েছে ।এছাড়া গ্রাম শহর সর্বত্র জনসাধারণ একে অপরকে শুভেচ্ছা জানানো , গুরুজনদের আশীর্বাদ গ্রহণ করতে দেখা গেছে । দোকান , ব্যবসায়িক প্রতিষ্ঠান ইত্যাদিতে বিশেষ পূজো অনুষ্ঠিত হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলার মাইবং বাজারে আজ সকালে এক ভয়াবহ অগ্নিকান্ডে বেশ কিছু বসত বাড়ী সহ ব্যবসায়িক প্রতিষ্ঠান পুড়ে ছাই হয়ে যায় । আমাদের হাফলং-এর সংবাদাতা জানিয়েছেন যে আজ সকাল পাঁচটা নাগাদ মাইবং বাজার এলাকায় আগুন লাগে যার ফলে দুটি ঘর সহ আটটি ব্যবসায়িক প্রতিষ্টানের ব্যাপক ক্ষতি হয়েছে । ঘটনার খবর পাওয়ার সঙ্গে সঙ্গে জেলা দূর্যোগ মোকাবিলা বাহিনীর দল ঘটনা স্থলে পৌছে আগুন নিয়ন্ত্রনে আনার চেষ্টা  করে । ইন্ডিয়ান রেড ক্রস সোসাইটির পক্ষ থেকে দূর্গতদের সাহায্যে ত্রান সামগ্রী প্রদান করা হয়েছে । আগুন লাগার কারন এখনো জানা যায় নি ।

-----------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে চূড়াইবাড়ি চেক গেটে অভিযান চালিয়ে গুয়াহাটী থেকে ত্রিপুরাগামী একটি লরী থেকে বিপুল পরিমানে নেশা জাতীয় সামগ্রী বাজেয়াপ্ত করেছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে উদ্ধার করা নেশা জাতীয় সামগ্রীর বাজার মূল্য প্রায় দেড় কোটী টাকা হবে  । আজ সকালে লরীটি তরমুজ বোঝাই করে ত্রিপুরার দিকে যাচ্ছিল । পুলিশ তল্লাশি চালিয়ে তরমুজের আড়ালে রাখা নেশা জাতীয় সামগ্রী বাজেয়াপ্ত করেছে এবং ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে লরী চালক ও সহ-চালককে আটক করেছে ।

-----------------------------------------------------------------------------------